03 SEP 2016

সমকাল

তারিখ: 03 AUG 2016
পৃষ্ঠা 8 কলাম 6

# পুরান ঢাকায় জবি শিক্ষার্থীদের গণসংযোগ

■ সমকাল প্রতিবেদক

সারাদেশের স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরিসহ সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে আজ শনিবার জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী আলোচনা সভার আয়োজন করা হবে। এতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা-কর্মচারী, ম্যানেজিং কমিটির সদস্য ও এলাকার সুধীজনদের অংশগ্রহণ নিশ্চিত করতে শিক্ষা মন্ত্রণালয় থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সোহরাব হোসাইন সমকালকে বলেন, শিক্ষা মন্ত্রণালয়াধীন সব শিক্ষা প্রতিষ্ঠানকে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা-সমাবেশের আয়োজন করতে বলা হয়েছে। এ কার্যক্রম বাস্তবায়নে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সার্বিক উদ্যোগ গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় নির্দেশ দিয়েছে।

এ ছাড়া গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শনিবার অনুষ্ঠিত হতে যাওয়া সভায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি এবং শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করতে হবে। একই সঙ্গে নিয়মিতভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া অনুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরির বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে।

এ সভায় সব শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, কম্যুনিটি লিডার, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।